গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়
জয়পুরহাট
www.joypurhat.gov.bd

**জয়পুরহাট জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটির মার্চ/২০২২ ইং মাসের সভার কার্যবিবরনী**

সভাপতি: মোঃশরীফুল ইসলাম
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট ।

স্থান: জেলা ম্যাজিস্ট্রেটের সম্মেলন কক্ষ
তারিখ : ১৩/০৩/২০২২ খ্রি:, সময় : দুপুর ১২.৪৫ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-"ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করেন।অতঃপর গত সভার কার্যবিবরনী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত বিষয়সমূহ আলোচনা করা হয়।

ঔষধ তত্ত্বাবধায়ক,জয়পুরহাট বলেন,জয়পুরহাট জেলায় গত ফেব্রুয়ারি/২২ইং মাসে ১০৮টি ঔষধের দোকান ও ১টি ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়।জেলা ও উপজেলা প্রশাসনের সহায়তায় ০৫টি মোবাইল কোর্টের মাধ্যমে ১৭টি মামলায় মোট ৩৬,৫০০/= টাকা অর্থদন্ড করা হয়।পরীক্ষা ও বিশ্লেষণের নিমিত্তে ০৪টি ঔষধের নমুনা ড্রাগ টেস্টিং ল্যাবরেটরীতে এবং ০৩ টি ঔষধের নমুনা রাজশাহী বিভাগের মিনিল্যাবে প্রেরণ করা হয়েছে।ঔষধ ব্যবসায়ীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ০৪ টি সচেতনতামূলক সভার আয়োজন করা হয়েছে এবং ভবিষতে তা অব্যাহত থাকবে বলে তিনি সভাকে অবহিত করেন।তিনি আরও বলেন, ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে ফার্মেসী নজরদারি কার্যক্রম আরও বৃদ্ধি করা হয়েছে। অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে জনগন ও ঔষধ ব্যবসায়ীদের মাঝে নিয়মিত সচেতনতামূলক সভার আয়োজন করা হচ্ছে। মেয়াদোত্তীর্ণ ঔষধ সংরক্ষণের জন্য সরকারি নির্দেশনা মেনে চলার জন্য ঔষধ ব্যবসায়ীবৃন্দকে নির্দেশনা দেওয়া হয়েছে। অবৈধ অ্যালকোহলের মজুদ ও ক্রয়-বিক্রয় রোধে হোমিওপ্যাথিক ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান এবং হোমিওপ্যাথিক ফার্মেসীর উপর নজরদারি বৃদ্ধি করা হয়েছে।

জেলা প্রানিসম্পদ কর্মকর্তা বলেন,নকল,ভেজাল ও আনরেজিস্টার্ড ভেটেরিনারী ঔষধ প্রতিরোধে জেলার ভেটেরিনারী ঔষধের ফার্মেসীতে নজরদারি বৃদ্ধি করা প্রয়োজন। ভেটেরিনারী ফার্মেসীগুলোতে প্রেসক্রিপশন ছাড়া অ্যান্টিবায়োটিক বিক্রয় করা হচ্ছে।অ্যান্টিবায়োটিকের অপব্যবহার যাতে না হয় সে জন্য জেলা প্রানিসম্পদ কার্যালয় ও ঔষধ প্রশাসনের নজরদারি বৃদ্ধির পাশাপাশি আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করা উচিত ।

সিভিল সার্জন,জয়পুরহাট বলেন, ঔষধ ব্যবসায়ীদেরকে মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রয় করা হতে বিরত থাকতে হবে এবং অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে প্রেসক্রিপশন ছাড়া অ্যান্টিবায়োটিক বিক্রয় না করতে তিনি ঔষধ ব্যবসায়ীবৃন্দকে আহবান জানান ।

সিনিয়র সহ-সভাপতি,বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি,জয়পুরহাট বলেন,জয়পুরহাট জেলায় ঔষধ ব্যবসায়ীরা সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে ঔষধ বিক্রয় করছে। জেলায় ভেজাল ঔষধ দূর করতে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।প্রেসক্রিপশন ছাড়া কোন প্রকার অ্যান্টিবায়োটিক বিক্রয় করা হবে না এই মর্মে তিনি সভাকে অবহিত করেন ।

জেলা ম্যাজিস্ট্রেট ও সভার সভাপতি বলেন,অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে প্রেসক্রিপশন ছাড়া অ্যান্টিবায়োটিক বিক্রয় না করতে ঔষধ ব্যবসায়ীবৃন্দকে আহবান জানান অন্যথায় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্টদের নির্দেশ দেন। ভেজাল ও মেয়াদোত্তীর্ণ ঔষধের ব্যবহার রোধে নিয়মিত জনসচেতনতামূলক সভার আয়োজন করতে হবে এবং প্রতিটি ফার্মেসীতে প্রশিক্ষিত ফার্মাসিস্ট থাকা নিশ্চিত করতে হবে।ড্রাগ লাইসেন্সবিহীন ও নবায়নবিহীন ফার্মেসীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্টদের নির্দেশ দেন। সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের অধিক কেউ যাতে ঔষধ বিক্রয় করতে না পারে সে দিকে লক্ষ্য রাখতে হবে। হোমিওপ্যাথিক ফার্মেসীতে অবৈধ অ্যালকোহলের মজুদ প্রতিরোধে

ঔষধ প্রশাসনের নজরদারি বৃদ্ধি করতে হবে। যে সব কোম্পানী নকল,ভেজাল ও নিম্নমানের ঔষধ সরবরাহ করে তাদের বিরুদ্ধে প্রশাসনকে কঠোর অবস্থানে থাকতে হবে এবং ঔষধ ব্যবসায়ীদেরকে কঠোরভাবে সর্তক করতে হবে যাতে কেউ নিম্নমানের ভেজাল ঔষধ বিক্রয় করতে না পারে।তিনি আরও বলেন,গবাদী পশুপাখির ঔষধের অপব্যবহার রোধে জেলা প্রানিসম্পদ দপ্তর , ঔষধ প্রশাসন এবং জেলা প্রশাসনকে একযোগে কাজ করার আহবান জানান।

অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধ সংক্রান্ত আলোচনা | প্রেসক্রিপশন ছাড়া অ্যান্টিবায়োটিক বিক্রয় না করার সিদ্ধান্ত গৃহীত হয় । জনগন ও ঔষধ ব্যবসায়ীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধ সংক্রান্ত সচেতনতামূলক সভার নিয়মিত আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয় । | ১)সিভিল সার্জন,জয়পুরহাট ।<br>২)জেলা প্রানিসম্পদ কর্মকর্তা,জয়পুরহাট<br>৩) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট<br>৪)সভাপতি,বিসিডিএস ,জয়পুরহাট |
| ২ | মেয়াদোত্তীর্ণ ঔষধ বিষয়ক আলোচনা | মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রয় করা হতে বিরত থাকতে হবে ও ঔষধ বিক্রয় করার সময় গ্রাহককে ক্যাশমামো প্রদান করার এবং মেয়াদোত্তীর্ণ ঔষধ সংরক্ষণ সংক্রান্ত সরকারি নির্দেশনা মেনে চলার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি,বিসিডিএস ,জয়পুরহাট |
| ৩ | ড্রাগ লাইসেন্সবিহীন ও নবায়নবিহীন ফার্মেসী বিষয়ক আলোচনা | ড্রাগ লাইসেন্সবিহীন ও নবায়নবিহীন ফার্মেসীর বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,জয়পুরহাট<br>২)উপজেলা নির্বাহী অফিসারগণ,জয়পুরহাট<br>৩)ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট |
| ৪ | ভেটেরিনারী ঔষধ বিষয়ক আলোচনা | নকল,ভেজাল ও আনরেজিস্টার্ড ভেটেরিনারী ঔষধসমূহ ক্রয়-বিক্রয় এবং মজুদের বিরুদ্ধে ঔষধ প্রশাসন,জেলা প্রাণিসম্পদ দপ্তর, জেলা ও উপজেলা প্রশাসনকে একযোগে কাজ করতে হবে। প্রয়োজনবোধে দোষীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট<br>২) উপজেলা নির্বাহী অফিসারগণ,জয়পুরহাট<br>৩)ঔষধ তত্ত্বাবধায়ক,জয়পুরহাট<br>৪) জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,জয়পুরহাট<br>৫)সভাপতি,বিসিডিএস,জয়পুরহাট |
| ৫ | হোমিওকোম্পানী ও হোমিও ফার্মেসীতে অবৈধ অ্যালকোহল মজুদ বিষয়ক আলোচনা | হোমিওকোম্পানী ও হোমিও ফার্মেসীতে অনুমোদনবিহীন অ্যালকোহল মজুদ এবং ক্রয়-বিক্রয় করা থেকে বিরত থাকতে হবে।কেউ অবৈধ ভাবে অনুমোদনহীন অ্যালকোহল মজুদ ও ক্রয়-বিক্রয় করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত হয়। | ১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট<br>২) উপজেলা নির্বাহী অফিসারগণ,জয়পুরহাট<br>৩)ঔষধ তত্ত্বাবধায়ক,জয়পুরহাট<br>৪) বাংলাদেশ হোমিওপ্যাথিক অ্যাসোসিয়েশন,জয়পুরহাট । |

পরিশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষনা করা হয়।

22/6/2022

( মো:শরীফুল ইসলাম)
জেলা ম্যাজিস্ট্রেট
ও
সভাপতি
জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটি
জয়পুরহাট
ফোন : ০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd